



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

১৫৬২২

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ।

নং- বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-১৩৪/

তারিখঃ /০৩/২০১৭খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

তাগিদপত্র

সূত্রঃ নং- বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-১৩৪/১৬২৮/৭; তারিখঃ ০৭/০২/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন মাহমুদপুর আমিনিয়া আলিম মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ হাফিজুর রহমান কর্তৃক দাখিলকৃত আবেদন ও কমিটি গঠন সংক্রান্ত কাগজপত্রের প্রেক্ষিতে অত্র বোর্ড হতে ২৬/১২/২০১৬খ্রিঃ তারিখে নং-বামাশিবো/প্রশা/১৪৮০/২ স্মারকে গভার্ণিং বডি'র অনুমোদন দেয়া হয় (কপি সংযুক্ত)।

পরবর্তীতে মাননীয় সংসদ সদস্য, ১০৬ সাতক্ষীরা-২ কর্তৃক ডিও: সংসদ সদস্য দপ্তর/১০৬ সাত-২/২০১৬/৭১০; তারিখঃ ০৩/১২/২০১৬ এ স্মারকে একটি ডিও লেটার প্রেরণ করা হয়। ডিও লেটার এবং ইতোপূর্বে ভারপ্রাপ্ত সুপার কর্তৃক দাখিলকৃত সভাপতি মনোনয়নের নিমিত্ত ০৩ জন ব্যক্তির নামের তালিকায় প্রদত্ত মাননীয় সংসদ সদস্য, ১০৬ সাতক্ষীরা-২ এর স্বাক্ষর দুটির মধ্যে গড়মিল দেখা যায় (কপি সংযুক্ত)।

অপরদিকে মাদরাসার অধ্যক্ষ মোঃ নাসির উদ্দিন "এমপি মহোদয়ের জাল স্বাক্ষরে মনোনীত অযাচিত ব্যক্তিকে সভাপতি পদ হইতে অপসারণ পূর্বক এমপি মহোদয় কর্তৃক মনোনীত ব্যক্তিকে সভাপতি হিসেবে মনোনয়ন প্রদান প্রসঙ্গে" একটি আবেদন বোর্ডে দাখিল করেছেন। আবেদনপত্রে অধ্যক্ষের বিরুদ্ধে মিথ্যা মামলা থাকায় তিনি ১৭/১০/২০১৬ হইতে ১৬/১১/২০১৬খ্রিঃ পর্যন্ত মাদরাসায় অনুপস্থিত ছিলেন মর্মে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন, স্থানীয় মাননীয় সংসদ সদস্য কর্তৃক প্রদত্ত ডিও লেটার ও সুপারিশ পত্রে প্রদত্ত স্বাক্ষর এবং মাদরাসার সার্বিক বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক(.....) পাতা।

০৩/১২/১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
সদর, সাতক্ষীরা।

নং- বামাশিবো/প্রশা/সাতক্ষীরা-১৩৪/ ২৭৪৫/৭

তারিখঃ ২৬/০৩/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা।
২. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, সাতক্ষীরা।
৪. সভাপতি-গভার্ণিং বডি, মাহমুদপুর আমিনিয়া আলিম মাদরাসা, ডাকঘর- ভাড়াখালী, সদর, সাতক্ষীরা।
৫. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, মাহমুদপুর আমিনিয়া আলিম মাদরাসা, ডাকঘর- ভাড়াখালী, সদর, সাতক্ষীরা।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

২২/০৩/১৭

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪